

## ইলেকট্রনিক টোল কালেকশন (ইটিসি) সিস্টেম সম্পর্কিত প্রশ্নোত্তর

### ১. ইলেকট্রনিক টোল কালেকশন (ইটিসি) সিস্টেম কি?

**উত্তর:** ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) সিস্টেম হচ্ছে টোল সংগ্রহের একটি স্বয়ংক্রিয় ব্যবস্থা যেখানে যানবাহনসমূহ টোল প্লাজা অতিক্রমকালে যানবাহন হতে স্বয়ংক্রিয় পদ্ধতিতে টোল আদায় করা হয়।

### ২. ফাস্ট ট্র্যাক লেন কাকে বলে?

**উত্তর:** ফাস্ট ট্র্যাক লেন হল আলাদা একটি লেন, যা আপনাকে নিরবিচ্ছিন্ন ভ্রমণের সুবিধা প্রদান করে এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার গাড়ির টোল পরিশোধে সহায়তা করে।

### ৩. আরএফআইডি ট্যাগ কি?

**উত্তর:** রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন এর সংক্ষিপ্ত রূপ হচ্ছে আরএফআইডি।

### ৪. ইলেকট্রনিক টোল কালেকশন (ইটিসি) সিস্টেমে কিভাবে টোল আদায় করা হয়?

**উত্তর:** ইলেকট্রনিক টোল কালেকশন (ইটিসি) সিস্টেমে স্বয়ংক্রিয় পদ্ধতিতে টোল সংগ্রহ করা হয়। রেজিস্ট্রেশনের পর বিআরটিএ কর্তৃক গাড়ির সামনের প্লাসে একটি আরএফআইডি ট্যাগ সংযোজন করে দেয়া হয় এবং ব্যবহারকারীকে একটি একাউন্ট নম্বর দেয়া হয়। টোল প্লাজা অতিক্রমকালে উক্ত আরএফআইডি ট্যাগ রিডিং এর মাধ্যমে ইলেকট্রনিক টোল কালেকশন (ইটিসি) লেন ব্যবহারকারীর একাউন্ট থেকে টোলের টাকা স্বয়ংক্রিয়ভাবে কেটে নেয়া হয়।

### ৫. ইলেকট্রনিক টোল কালেকশন (ইটিসি) সেবা কিভাবে পাওয়া যাবে?

**উত্তর:** গাড়ির রেজিস্ট্রেশনের সময় সামনের প্লাসে (উইন্ডশিল্ডে) বিআরটিএ থেকে লাগানো আরএফআইডি ট্যাগ ব্যবহার করে ইটিসির জন্য রেজিস্ট্রেশন করার মাধ্যমে ইলেকট্রনিক টোল কালেকশন (ইটিসি) সেবা পাওয়া যাবে।

### ৬. আরএফআইডি ট্যাগ কোথায় পাওয়া যাবে?

**উত্তর:** গাড়ির রেজিস্ট্রেশনের সময় বিআরটিএ অফিস থেকে গাড়ির সামনের প্লাসে (উইন্ডশিল্ডে) আরএফআইডি ট্যাগ সংযুক্ত করে দেয়া হয়।

### ৭. কারা ফাস্ট ট্র্যাক লেন ব্যবহার করতে পারবে?

**উত্তর:** আরএফআইডি ট্যাগ লাগানো গাড়ি ব্যবহারকারীগণ ফাস্ট ট্র্যাক লেন ব্যবহার করতে পারবে।

### ৮. কিভাবে গাড়ি ইটিসি ব্যবহারের জন্য রেজিস্ট্রেশন করা যাবে?

**উত্তর:** Play Store থেকে Nexus pay App ডাউনলোড করে প্রয়োজনীয় তথ্য দিয়ে গাড়ি ইটিসি এর জন্য রেজিস্ট্রেশন করা যাবে অথবা গাড়ি রেজিস্ট্রেশন সার্টিফিকেট বা স্মার্টকার্ড এর কপি নিয়ে ডাচ বাংলা ব্যাংকের শাখা বা ফাস্ট ট্র্যাক থেকেও রেজিস্ট্রেশন করা যাবে।

### ৯. ইটিসি রেজিস্ট্রেশন এর জন্য ডাচ বাংলা ব্যাংকের হিসাব থাকা কি বাধ্যতামূলক?

**উত্তর:** না। যেকোন ব্যাংকের ভিসা/মাস্টার কার্ড থেকে Nexus pay এর লয়েলটি কার্ডের মাধ্যমে টোল কার্ডে ব্যালেন্স স্থানান্তর করে ফাস্ট ট্র্যাক লেন ব্যবহার করে টোল প্রদান করা যাবে।

### ১০. অনলাইনে নিজের গাড়ি নিজেই ইটিসির জন্য রেজিস্ট্রেশন করার প্রক্রিয়া কি?

**উত্তর:** Play Store থেকে Nexus pay App ডাউনলোড করে নিম্নোক্ত প্রক্রিয়ায় নিজের গাড়ি নিজেই রেজিস্ট্রেশন করুন:

- NexusPay App-এ Log in করে Toll card এর Add vehicle-এ ক্লিক করুন
- প্রয়োজনীয় তথ্য দিয়ে Registration card/Blue Book-এর Image সহ Submit এ ক্লিক করুন
- সঠিকভাবে vehicle টি Add হবার পর কার্ডের Balance স্থানান্তর করে সুবিধাটি উপভোগ করুন।

**১১. নেক্সাস পে অ্যাপে কিভাবে টোল কার্ডে টাকা আনতে হয়?**

**উত্তর:** নেক্সাস পে অ্যাপে গিয়ে সেন্ড মানি অপশনে টোল কার্ডে টাকা সেন্ড করতে হবে।

**১২. রকেট একাউন্টের মাধ্যমে কিভাবে ইটিসি রেজিস্ট্রেশন করতে হয়?**

**উত্তর:**

- Registration card/Blue Book এর ছবি এবং রকেট একাউন্ট নাম্বার দিয়ে মেইল করতে হবে [rocket.toll@dutchbanglabank.com](mailto:rocket.toll@dutchbanglabank.com) এ
- রকেট রেজিস্ট্রেশন সফল হবার পর মোবাইলে \*৩২২# ডায়াল করে Option 9 এ Toll card select করে রকেট একাউন্টের ব্যালেন্স থেকে প্রয়োজনীয় Balance, Toll card –এ স্থানান্তর করতে হবে
- এছাড়া ডাচ বাংলা ব্যাংকের যেকোন শাখা বা ফাস্ট ট্র্যাকে গেলেও রেজিস্ট্রেশন করা যাবে।

**১৩. কিভাবে রকেট হিসাব নং থেকে টোল কার্ডে টাকা আনতে হয়?**

**উত্তর:** আপনার মোবাইল ফোনে USSD Code (\*322#) ডায়াল করে ৯ নং অপশন ব্যবহার করে রকেট হিসাব থেকে টোল কার্ডে টাকা নেয়া যাবে।

**১৪. কোন কোন সড়ক/সেতুতে ইলেকট্রনিক টোল কালেকশন (ইটিসি) সেবা রয়েছে?**

**উত্তর:** যে সকল সড়ক/সেতুতে ইলেকট্রনিক টোল কালেকশন (ইটিসি) সেবা রয়েছে তা নিম্নরূপ:

- কর্ণফুলী সেতু, চট্টগ্রাম
- মেঘনা সেতু, নারায়ণগঞ্জ
- গোমতী সেতু, কুমিল্লা
- তৈরব সেতু, নরসিংদী
- পায়রা সেতু, পটুয়াখালী
- খান জাহান আলী (রূপসা) সেতু, খুলনা
- চরসিন্দুর সেতু, নরসিংদী
- শহীদ ময়েজউদ্দিন সেতু, নরসিংদী
- আগ্রাই টোল প্লাজা, নাটোর
- লালন শাহ সেতু, পাবনা

এছাড়া জাতির পিতা বঙ্গাবক্ষ শেখ মুজিবুর রহমান মহাসড়কে অচিরেই ETC চালু করা হবে।

**১৫. Toll card –এ vehicle Add হতে সর্বোচ্চ কতদিন সময় লাগবে?**

**উত্তর:** Toll card –এ vehicle Add হতে সর্বোচ্চ তিন কর্মদিবস সময় লাগবে।

**১৬. টোলের টাকা পরিশোধ হয়ে গেলে কিভাবে বোৰা যাবে?**

**উত্তর:** টোলের টাকা পরিশোধ হয়ে গেলে আপনাকে এসএমএস এর মাধ্যমে কর্তনকৃত টোলের পরিমাণসহ ব্যালেন্স জানিয়ে দেয়া হবে।

**১৭. কার নামে ইটিসির জন্য রেজিস্ট্রেশন করতে হবে? গাড়ির মালিক নাকি চালক?**

**উত্তর:** ইটিসি ব্যবহারের জন্য গাড়ির মালিকের নামে রেজিস্ট্রেশন করতে হবে।

**১৮. ইটিসি লেন ব্যবহারের সুবিধা কি?**

**উত্তর:** টোল প্লাজা অতিক্রমকালে থামতে হয় না, ফলে টোল প্লাজায় যানজট সৃষ্টি হয় না, সময় অপচয় হয়না এবং সর্বোপরি নগদ অর্থ বহন করতে হয় না। এছাড়া নির্ধারিত টোলের ১০% ছাড় পাওয়া যাবে।

**১৯. একাউন্টে যথেষ্ট টাকা না থাকলে ইটিসি লেন ব্যবহার করা যাবে কি?**

**উত্তর:** না, একাউন্টে যথেষ্ট টাকা না থাকলে ইটিসি লেন ব্যবহার করা যাবে না।

**২০. একাউন্টে যথেষ্ট টাকা আছে কিন্তু সিস্টেম কাজ করছে না, সেক্ষেত্রে করণীয় কি?**

**উত্তর:** ইটিসি লেনে সিস্টেমেটিক কোনো সমস্যা হলে ম্যানুয়্যালি টোল পরিশোধ করার সুযোগ রয়েছে।

**২১. গাড়ী কোন্ত কোন্ত টোল প্লাজা কতবার অতিক্রম করেছে এবং কত টাকা খরচ হয়েছে তার মাসিক রিপোর্ট পাওয়া যাবে কি?**

**উত্তর:** গাড়ী কোন্ত কোন্ত টোল প্লাজা কতবার অতিক্রম করেছে এবং মোট কত টাকা খরচ হয়েছে এ বিষয়ে সর্বশেষ ২০টি Transaction এর তথ্য Nexus pay তে এবং সর্বশেষ ৫টি Transaction এর তথ্য রকেট একাউন্ট থেকে জানা যাবে।

**২২. কোম্পানিভূক্ত বাসের ইটিসি ব্যবহারের ক্ষেত্রে রিপোর্ট কিভাবে পাওয়া যাবে?**

**উত্তর:** দৈনিক ই-মেইলের মাধ্যমে বাসসমূহের প্রতিদিনের ইটিসি ব্যবহার সংক্রান্ত লেনদেনের তথ্য পাওয়া যাবে।

**২৩. টোল আদায়ের সময়ই কি ১০% টাকা কম কাটা হবে নাকি পরবর্তীতে ১০% টাকা ফেরত দেয়া হবে?**

**উত্তর:** টোল আদায়ের সময়ই ১০% টাকা কম কাটা হবে। উদাহরণস্বরূপ, টোল প্লাজায় আপনার গাড়ীর জন্য নির্ধারিত টোলের পরিমাণ ১০০০ টাকা হলে ১০% অর্থ ছাড়ের পর এ টাকার পরিমাণ দাঁড়ায় ৯০০ টাকা। অর্থাৎ ইটিসি লেন ব্যবহারে আপনাকে ১০০০ টাকার স্থলে ৯০০ টাকা পরিশোধ করতে হবে।

**২৪. ১০% অর্থছাড় কতদিন পর্যন্ত থাকবে?**

**উত্তর:** পরবর্তী সরকারি নির্দেশনা না পাওয়া পর্যন্ত এ অর্থ ছাড় চলমান থাকবে।

**২৫. অধিক ব্যবহারকারীগণের জন্য কোনো বিশেষ সুবিধা/অর্থ ছাড়ের ব্যবস্থা আছে কি?**

**উত্তর:** ইটিসি লেন প্রতিবার ব্যবহারে আপনি নির্ধারিত টোলের ১০% অর্থ ছাড় পাবেন।

**২৬. ইটিসি লেন ব্যবহার না করলে টোলের অর্থ ছাড় পাওয়া যাবে কি?**

**উত্তর:** না। শুধুমাত্র ইটিসি লেন ব্যবহারে নির্ধারিত টোলের ১০% অর্থ ছাড় পাওয়া যাবে।

**২৭. আরএফআইডি ট্যাগ সংযোজন করতে হলে কোথায় যেতে হবে?**

**উত্তর:** আরএফআইডি ট্যাগ সংযোজন করতে হলে আপনার নিকটস্থ BRTA অফিসে যোগাযোগ করতে হবে।

**২৮. ভুলক্রমে অতিরিক্ত টাকা কেটে নিলে করণীয় কি?**

**উত্তর:** আপনার একাউন্ট থেকে অতিরিক্ত টাকা কেটে নেওয়ার সুযোগ নেই।

**২৯. রেজিস্ট্রেশন করতে কত খরচ হবে?**

**উত্তর:** রেজিস্ট্রেশন করতে কোনো টাকা প্রয়োজন হবে না।